রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, সেপ্টেম্বর ২২, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[মূল্য সংযোজন কর]**

**বিশেষ আদেশ**

তারিখ: ২৪ ভাদ্র ১৪৩১ বঙ্গাব্দ/ ০৮ সেপ্টেম্বর, ২০২৪ খ্রিষ্টাব্দ।

বিষয়: **USDA এর অর্থায়নে বাংলাদেশে পরিচালিত বিভিন্ন প্রকল্পসমূহের জন্য পণ্য সরবরাহ গ্রহণ বা সেবা গ্রহণের ক্ষেত্রে মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান।**

**নং ৩৯/ মূসক/ ২০২৪/২৪৯**— যেহেতু, বাংলাদেশ সরকারের সহিত United States of America এর সম্পাদিত চুক্তি মোতাবেক USDA ও উহার অর্থায়নে Prime partner কর্তৃক পরিচালিত প্রকল্প বা প্রকল্পসমূহের জন্য পণ্য সরবরাহ গ্রহণ বা সেবা গ্রহণের ক্ষেত্রে মূল্য সংযোজন কর (মূসক) অব্যাহতি রহিয়াছে, এবং

যেহেতু মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা ১২৬ এর উপ-ধারা (২) এর অধীন জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বিশেষ আদেশ দ্বারা কোনো আন্তর্জাতিক বা দ্বি-পক্ষীয় চুক্তি বাস্তবায়নের জন্য সীমা ও শর্ত আরোপ করে সরবরাহ গ্রহণ বা সেবা গ্রহণের ক্ষেত্রে মূল্য সংযোজন কর হইতে অব্যাহতি প্রদানের বিধান রহিয়াছে;

সেহেতু, USDA ও উহার অর্থায়নে বাংলাদেশে পরিচালিত **পরিশিষ্ট-'ক'** এ বর্ণিত প্রকল্প বা প্রকল্পসমূহের জন্য সরবরাহ গ্রহণ বা সেবা গ্রহণের ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ সীমা ও শর্ত সাপেক্ষে আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান করিল, যথা:—

**সীমা ও শর্ত:**

(ক) বাংলাদেশে USDA ও উহার অর্থায়নে Prime partner কর্তৃক পরিচালিত শুধুমাত্র পরিশিষ্ট-'ক' তে উল্লিখিত প্রকল্প বা প্রকল্পসমূহ এই অব্যাহতি সুবিধা ভোগ করিবে।

(খ) USDA ও 'পরিশিষ্ট-ক' এ উল্লিখিত প্রকল্প বা প্রকল্পসমূহের জন্য ক্রয়কৃত সকল সরবরাহ ও সেবার বিপরীতে প্রযোজ্য মূল্য সংযোজন কর USDA ও প্রকল্প কর্তৃপক্ষ পরিশোধ করিবে না। তাহার পরিবর্তে USDA কর্তৃপক্ষ সরবরাহকারী বা সেবা প্রদানকারীকে 'পরিশিষ্ট-খ' এ নির্দেশিত ছকে মূসক অব্যাহতির কুপন প্রদান করিবেন এবং উহাতে প্রকল্পের নাম ও লোগোসহ USDA প্রদত্ত বৎসরভিত্তিক ধারাবাহিক ক্রমিক সংখ্যা ও তারিখ উল্লেখ থাকিবে।

(গ) প্রতিটি ক্ষেত্রে এইরূপ কুপনের চারটি অনুলিপি থাকিবে। প্রথম অনুলিপিটি ['পরিশিষ্ট-খ'(১)] সাদা কাগজে মুদ্রিত হইবে, যাহা প্রকল্প কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে । দ্বিতীয় অনুলিপিটি ['পরিশিষ্ট-খ'(২)] গোলাপী রংয়ের কাগজে মুদ্রিত হইবে, যাহা পণ্য বা সেবা সরবরাহকারী সংশ্লিষ্ট মূসক কমিশনারেটে প্রেরণ করিবে। তৃতীয় অনুলিপিটি ['পরিশিষ্ট-খ'(৩)] হালকা নীল (আকাশী) রংয়ের কাগজে মুদ্রিত হইবে, যাহা প্রকল্প কর্তৃপক্ষ USDA কর্তৃপক্ষের নিকট প্রেরণ করিবে এবং এ কপি দিয়ে USDA সংশ্লিষ্ট মূসক কমিশনারেটে করমেয়াদভিত্তিক হিসাব 'পরিশিষ্ট-গ' তে প্রেরণ করিবেন। চতুর্থ অনুলিপিটি ['পরিশিষ্ট-খ'(৪)] হলুদ রংয়ের কাগজে মুদ্রিত হইবে, যাহা সরবরাহ বা সেবা গ্রহণকারী দাখিলপত্রের সহিত সংযুক্ত করিয়া দাখিলপত্র প্রদান করিবেন।

(ঘ) কেবল সংশ্লিষ্ট মূসক কমিশনার কর্তৃক মনোনীত কর্মকর্তার প্রত্যয়নকৃত কুপনই ব্যবহার করা যাইবে। USDA ও প্রকল্প কর্তৃপক্ষ কুপন প্রত্যয়নের লক্ষ্যে তাহা ব্যবহারের ন্যূনতম চৌদ্দদিন পূর্বে কমিশনার মনোনীত কর্মকর্তার নিকট দাখিল করিবেন।

(ঙ) পণ্য সরবরাহকারী বা সেবা প্রদানকারী প্রতি করমেয়াদে কুপনের বিপরীতে সরবরাহ বা সেবা প্রদানের হিসাব দাখিলপত্র (ফরম মূসক ৯.১) এর অংশ-৩ এর নোট-৩ এ প্রদর্শন করিবে এবং দাখিলপত্রের সহিত কুপনের চতুর্থ অনুলিপিটি সংযুক্ত করিয়া সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কমিশনারেটে প্রেরণ করিবেন। কোনো মাসের অব্যাহতি ঐ করমেয়াদের দাখিলপত্রে প্রদর্শন করা না হইলে তাহা পরে আর সমন্বয় করা যাইবে না এবং সরবরাহকারীকে প্রযোজ্য মূসক পরিশোধ করিতে হইবে। পণ্য সরবরাহ বা সেবা প্রদানকারী কুপনের ছায়ালিপি নিজ দপ্তরে সংরক্ষণ করিবেন। কুপনের সত্যতা পরীক্ষার লক্ষ্যে কোনো প্রকার ক্রসচেক করার প্রয়োজন হইলে মূসক কর্মকর্তার চাহিদা অনুযায়ী তা উপস্থাপন করিতে হইবে। এইক্ষেত্রে কুপন দাতা ও কুপন গ্রহীতা উভয়েই তাহা পাঁচ বৎসর পর্যন্ত সংরক্ষণ করিবেন।

(চ) দাখিলপত্রের সহিত প্রাপ্ত কুপনসমূহের যথার্থতা সংশ্লিষ্ট মূসক কমিশনারেট ও প্রকল্প কর্তৃপক্ষ হইতে যাচাইপূর্বক বিধি মোতাবেক দাখিলপত্রের নিষ্পত্তি করিবেন। কমিশনারেট তার অধীনস্থ সকল দপ্তর হইতে প্রাপ্ত বিবরণী সমন্বিত করিয়া জাতীয় রাজস্ব বোর্ডের মূসক করদাতা সেবা অনুবিভাগকে অবহিত করিবেন।

(ছ) USDA এর অর্থায়নে পরিচালিত প্রকল্প কর্তৃপক্ষ পরিশিষ্ট-'গ' তে প্রতি মাসের মূসক অব্যাহতির বিবরণী বাংলাদেশস্থ USDA দপ্তরে প্রেরণ করিবেন। USDA কর্তৃপক্ষ তা সমন্বিত করিয়া প্রতি মাসে জাতীয় রাজস্ব বোর্ডের মূসক করদাতা সেবা অনুবিভাগের নিকট প্রেরণ করিবেন।

**পরিশিষ্ট-ক**

| USDA funded Projects | | | | |
|---|---|---|---|---|
| SL. NO | Name of the project | Name of the Implementing Partner | Project Duration | Lead Ministry |
| 1. | USDA Food for Progress Bangladesh Trade Facilitation | US Department of Agriculture | 30-september, 25 | Agriculture, Ministry of Food and Disaster Management |
| 2. | USDA Food for Progress Bangladesh Climate Smart Livestock Project | US Department of Agriculture | 30-september, 28 | Ministry of Disaster Management & Relief |

**পরিশিষ্ট-খ(১)**

(১)

[USDA পরিচালিত প্রকল্পের নাম ও লোগো]

মূসক অব্যাহতি কুপন নং- USDA | | | | | | | | | | | | | | |

তারিখ ...............................খরিদ ক্রম নং.....................................

ক্রেতার নাম, পদবি ও ঠিকানা:..............................................................

..................................................................................................

সর্বমোট মূল্য:.................................................................................

মূসক অব্যাহতি:........................................................................

বিক্রেতা (পণ্য সরবরাহকারী/সেবা প্রদানকারী): মূসক নিবন্ধন নং:.....................

...................................................... ....................................

ঠিকানা:...........................................................

..........................................................................

ক্রেতার স্বাক্ষর ও সীলমোহর:

....................................... বিক্রেতার স্বাক্ষর ও সীলমোহর:

মূসক কর্মকর্তার প্রত্যয়ন:

নাম ও পদবি: স্বাক্ষর ও সীলমোহর:

প্রকল্প কর্তৃপক্ষের অনুলিপি (সাদা)

পরিশিষ্ট-খ(২)

(২)

[USDA পরিচালিত প্রকল্পের নাম ও লোগো]

মূসক অব্যাহতি কূপন নং-USDA

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | |

তারিখ ................................... খরিদ ক্রম নং ............................

ক্রেতার নাম, পদবি ও ঠিকানা :.......................................................................

.......................................................................................................

সর্বমোট মূল্য :..................................................................

মূসক অব্যাহতি :..............................................................

বিক্রেতা (পণ্য সরবরাহকারী/সেবা প্রদানকারী): মূসক নিবন্ধন নং :..............

.............................................. ........................................

ঠিকানা :...............................................................

.........................................................................

ক্রেতার স্বাক্ষর ও সীলমোহর : বিক্রেতার স্বাক্ষর ও সীলমোহর :

............................................

মূসক কর্মকর্তার প্রত্যয়ন :

নাম ও পদবি : স্বাক্ষর ও সীলমোহার:

মূসক কমিশনারেটের অনুলিপি (গোলাপী)

পরিশিষ্ট-খ(৩)

(৩)

[USDA পরিচালিত প্রকল্পের নাম ও লোগো]

মূসক অব্যাহতি কূপন নং-USDA

| | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | | | |

তারিখ .................................... খরিদ ক্রম নং ............................

ক্রেতার নাম, পদবি ও ঠিকানা :.........................................................................

.............................................................................................................

সর্বমোট মূল্য :...................................................................

মূসক অব্যাহতি :..............................................................

বিক্রেতা (পণ্য সরবরাহকারী/সেবা প্রদানকারী): মূসক নিবন্ধন নং :..............

............................................... .........................................

ঠিকানা :..............................................................

..........................................................................

ক্রেতার স্বাক্ষর ও সীলমোহর : বিক্রেতার স্বাক্ষর ও সীলমোহর :

.............................................

মূসক কর্মকর্তার প্রত্যয়ন :

নাম ও পদবি : স্বাক্ষর ও সীলমোহর:

USDA কর্তৃপক্ষের অনুলিপি (আকাশী)

পরিশিষ্ট-খ(৪)

(৪)

[USDA পরিচালিত প্রকল্পের নাম ও লোগো]

| মূসক অব্যাহতি কূপন নং-USDA | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|

তারিখ ................................... খরিদ ক্রম নং ...........................

ক্রেতার নাম, পদবি ও ঠিকানা :.......................................................................

.........................................................................................................

সর্বমোট মূল্য :..................................................................

মূসক অব্যাহতি :...............................................................

বিক্রেতা (পণ্য সরবরাহকারী/সেবা প্রদানকারী): মূসক নিবন্ধন নং :..............

............................................... ........................................

ঠিকানা :..............................................................

.........................................................................

ক্রেতার স্বাক্ষর ও সীলমোহর : বিক্রেতার স্বাক্ষর ও সীলমোহর :

.............................................

মূসক কর্মকর্তার প্রত্যয়ন :

নাম ও পদবি : স্বাক্ষর ও সীলমোহর:

পণ্য সরবরাহকারী/সেবা প্রদানকারীর অনুলিপি (হলুদ)

পরিশিষ্ট-গ

**USDA কর্তৃক বাংলাদেশে পরিচালিত বিভিন্ন প্রকল্পসমূহের জন্য পণ্য সরবরাহ বা সেবা গ্রহণের ক্ষেত্রে মূসক অব্যাহতির বিবরণী**

মাস :.....................................

| ক্রমিক নং | সরবরাহ বা সেবা গ্রহণকারী প্রকল্পের নাম | সরবরাহ বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | সরবরাহ বা সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের মূসক নিবন্ধন নম্বর | কুপন নম্বর ও তারিখ | মূসক চালানপত্র নম্বর ও তারিখ | মূসক চালানপত্রে উল্লিখিত মোট বিক্রয়মূল্য | প্রযোজ্য মূসক | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) |
| | | | | | | | | |

**মোহাম্মদ হাসমত আলী**
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd